দৈনিক ইত্তেফাক

FEB. 11 2002

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# প্রেসিডেন্টের সঙ্গে বিশ্ববিদ্যালয় সমিতির প্রতিনিধিদলের সাক্ষাৎ

বাসস ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক আনোয়ারুল্লাহ চৌধুরীর নেতৃত্বে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় সমিতির ১২ সদস্যের একটি প্রতিনিধিদল গত শনিবার বঙ্গভবনে প্রেসিডেন্ট অধ্যাপক এ কিউ এম বদরুদ্দোজা

(১৪শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## প্রেসিডেন্টের সঙ্গে

(৩য় পৃঃ পর)

চৌধুরীর সঙ্গে সাক্ষাৎ করেছেন। প্রেসিডেন্ট শিক্ষার অনুকূল পরিবেশ নিশ্চিত করতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে পিতামাতা বা অভিভাবক-শিক্ষক নিয়মিত সভা অনুষ্ঠানের উদ্যোগ গ্রহণ এবং শিক্ষক-ছাত্র সম্পর্ক গড়ে তোলার উপর গুরুত্ব আরোপ করেন। প্রেসিডেন্ট বলেন, ছাত্র-ছাত্রীদের সাংস্কৃতিক প্রতিভা বিকাশের পর্যাপ্ত সুযোগ এবং তাদের সাহিত্য চর্চার স্বীকৃতি দিতে হবে। ১০টি বিশ্ববিদ্যালয়ের ভিসিরা এ সময় উপস্থিত ছিলেন।

এদিকে শিক্ষক সমিতির মহাসচিব সেলিম ভুঁইয়ার নেতৃত্বে পাঁচ সদস্যের অপর একটি প্রতিনিধিদলও প্রেসিডেন্টের সঙ্গে সাক্ষাৎ করে। আহমেদ কায়সারের নেতৃত্বে ছড়াকারদের পাঁচ সদস্যের অপর একটি প্রতিনিধিদলও গতকাল প্রেসিডেন্টের সঙ্গে সাক্ষাৎ করেন। প্রেসিডেন্ট তাদেরকে সন্ত্রাস ও সমাজ বিরোধী কার্যক্রমের বিরুদ্ধে ছড়া রচনার এবং তাদের লেখনীর মাধ্যমে সমাজে চিরন্তন মূল্যবোধগুলো জাগ্রত করার পরামর্শ দেন।

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেটে

(৩য় পৃঃ পর)

২০(১)(আই) অনুযায়ী ১০ জন কলেজ শিক্ষক প্রতিনিধিকে নিয়োগ দেয়া হয়েছে। ৫ জন অধ্যক্ষ হলেন অধ্যক্ষ ন্যাশনাল কলেজ অব হোম ইকনোমিক্স, অধ্যক্ষ ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতাল, অধ্যক্ষ বাংলাদেশ মেডিক্যাল কলেজ ঢাকা, অধ্যক্ষ মেডিক্যাল কলেজ ফর ইউমেন এবং অধ্যক্ষ আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ। ১০ জন শিক্ষক প্রতিনিধি হলেন অধ্যাপক মাহমুদুর রহমান, ডাঃ মোঃ শাহাদৎ হোসেন, অধ্যাপক সুলতানা জাহান, অধ্যাপক আবুল কাসেম খন্দকার, অধ্যাপক মোঃ ফজলুল হক, ডাঃ এ এফ এম সিদ্দিকী, অধ্যাপক ডাঃ রেজাউল করিম এবং ডাঃ ফিরোজা সুলতানা।